গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জুন, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **১৭.০৬.২০২৫ খ্রি.** |
| সভার সময় | **বিকাল ২:৩০ ঘটিকা** |
| স্থান | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জুন, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালকের অনুমোদনক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান (অপারেশন ও সমন্বয়) পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান। কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে গত ২৫-০৫-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মে, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করেন। সভাপতির অনুমতিক্রমে তিনি কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৫-০৫-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | |
| **দূর অনুধাবন ও জিআই এস শাখা** | | | |
| ৩.১ | শাখা প্রধান জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, দূর অনুধাবন ও জিআইএস শাখার একটি দল "গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পেশিও-টেম্পোরাল ডাইনামিকস নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি সম্পন্ন করে সদর দপ্তরে যোগদান করেছে। বর্তমানে প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | দূর অনুধাবন ও জিআইএস শাখা |
| **পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.২ | শাখা প্রধান মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, "যশোর জেলার ভবদহ অঞ্চল ও এর আশেপাশের পরিবেশ ভূতত্ত্ব বিশ্লেষণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি বাস্তবায়ন শেষে ইতোমধ্যে এ শাখার একটি দলটি সদর দপ্তরে যোগদান করেছে। যশোরের ওয়াটার লগিং ও সিলটেশন সমস্যা যথাযথভাবে পর্যবেক্ষণ করে সেখান থেকে নমুনা (সলিড ও লিকুইড) এবং তথ্য সংগ্রহ করা হয়েছে। বর্তমানে ল্যাবরেটরিতে স্যাম্পল বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | ল্যাবরেটরিতে নমুনা বাছাই ও বিশ্লেষণ সম্পন্ন করে যথাসময়ে প্রতিবেদন জমা দিতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান (অপারেশন ও সমন্বয়) বলেন, আগামী অর্থবছরের শুরু থেকেই কূপ খনন করার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করা হবে। | ২০২৫-২০২৬ অর্থবছরের শুরু থেকেই কূপ খনন প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| ৩.৪ | "গেজেটভুক্ত পাথর কোয়ারিসমূহের পাথরের মজুদ, উত্তোলনযোগ্য পাথরের পরিমাণ এবং উত্তোলনের সময় নির্ধারণ" বিষয়ক বিশেষ কর্মসূচি বিষয়ে পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা বলেন, বিলের কার্যক্রম সম্পন্ন হলে অবশিষ্ট অর্থ বিএমডিতে ফেরত পাঠানোর পদক্ষেপ গ্রহণ করা হবে। | কর্মসূচীর অব্যবহৃত অর্থ বিলের কার্যক্রম শেষ করে ফেরত পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল শাখা ও কর্মসূচি পরিচালক |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৫ | শাখা প্রধান মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব), "সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গান কার্যক্রমের বিষয়ে বলেন, নমুনা বিশ্লেষণ, চূড়ান্ত প্রতিবেদন তৈরী ও মানচিত্রায়ন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখা** | | | |
| ৩.৬ | মিজ কাজী মানসুরা আখতার, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, "চট্রগ্রাম শহরের উপকূলীয় অংশে এবং এর আশেপাশে সামুদ্রিক দূষণ নির্দেশক হিসেবে বেন্থিক ফোরামিনিফেরার বৈশিষ্ট্য বিশ্লেষণকরণ" শীর্ষক বহিরঙ্গান কর্মসূচি হতে সংগৃহীত পলল নমুনার গবেষণাগারে বিশ্লেষণের কাজ চলছে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৭ | মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান বলেন, "ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুণগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ" শীর্ষক বহিরঙ্গান কার্যক্রমের প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৮ | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, চলতি অর্থ বছরে এ শাখার কোন কর্মসূচি ছিলো না। পূর্ববর্তী অর্থবছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত বহিরঙ্গান কাজের ড্যাটাবেজ ও সাইসমিক হ্যাজার্ড ম্যাপ প্রস্তুত করা হয়েছে। জুন, ২০২৫ খ্রি. মাসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা প্রদানের লক্ষ্যে কাজ চলমান রয়েছে। | পূর্ববর্তী অর্থবছরে পরিচালিত বহিরঙ্গান কাজের প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা। |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৯ | শাখা প্রধান জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, "খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গান কার্যক্রমের প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |
| ৩.১০ | শাখা প্রধান জনাব মোহাম্মদ নুরুল হক, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, "সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ" শীর্ষক বহিরঙ্গান কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন জুন, ২০২৫ খ্রি. মাসের মধ্যে জমা দেয়া হবে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |
| ৩.১১ | শাখা প্রধান জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, "নওগাঁ জেলার অন্তর্গত পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ" শীর্ষক বহিরগঞ্জান কর্মসূচীর প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| **ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.১২ | শাখা প্রধান মিজ ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, নবীন সহকারী পরিচালক (ভূ-পদার্থ)-দের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে একটি প্রস্তাবনা প্রদান করা হয়েছে। পরবর্তী অর্থবছরে তা সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | নবীন সহকারী পরিচালক (ভূ-পদার্থ) কর্মকর্তাদের ভূ-পদার্থ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |

| | | | |
|---|---|---|---|
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.১৩ | মিজ ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলার হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক বহিরগঞ্জন কর্মসূচি সম্পন্ন করার জন্য শাখা প্রধানের নেতৃত্বে একটি দল বহিরগঞ্জানে গমন করে। কিন্তু বহিরঞ্জানে সিসমোগ্রাফ যন্ত্রটি অকার্যকর হলে দলটি কাজ সম্পন্ন না করেই সদর দপ্তরে প্রত্যাবর্তন করে। সিসমোগ্রাফ যন্ত্রটি আগামী সপ্তাহের মধ্যে মেরামত করা সম্ভব হবে। তিনি আরো বলেন যে, সাইসমিক ডিফ্রাকশন সেটের ৪৮ টি জিওফোনের মধ্যে ০১ টি জিওফোন হারিয়ে যাওয়ায় সংশ্লিষ্ট শাখা হতে থানায় জিডি করা হয়েছে। | সিসমোগ্রাফ যন্ত্রটি মেরামত পূর্বক পরবর্তী সুবিধাজনক সময়ে অসম্পূর্ণ বহিরগঞ্জান কাজটি সম্পন্ন করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৪ | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান (অপারেশন ও সমন্বয়) বলেন, "নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ, সোনারগাঁও, বন্দর ও সদর উপজেলার শীতলক্ষ্যা নদী ও এর তীরবর্তী এলাকার মাটি ও পানিতে শিল্পায়নের রাসায়নিক প্রভাব অনুসন্ধান" শীর্ষক বহিরঞ্জান কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন জমা হয়েছে। | - | - |
| **খনন শাখা** | | | |
| ৩.১৫ | এ শাখার শাখা প্রধান বলেন, আগামী ২০২৫-২০২৬ অর্থবছরে কূপখনন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার শানেরহাট ইউনিয়নে ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। আগামী অর্থবছরের শুরু থেকেই কূপ খনন প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ করা হবে। | আগামী অর্থবছরে শুরু থেকেই কূপ খননের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৪ | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগে ডিপিসির সুপারিশের ভিত্তিতে ৮০ জন কর্মচারীকে নিয়োগপত্র প্রদান করা হয়েছিল। তান্মধ্যে বিভিন্ন কারনে ১৫ টি শূণ্য পদের বিপরীতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্যানেল থেকে ১৫ জনকে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ১২ জন কর্মচারীর যোগদান সম্পন্ন হয়েছে। আগামী ১৯ জুন, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে তাদের যোগদান করার তারিখ নির্ধারিত আছে। জিএসবিতে গাড়ী ক্রয় সংক্রান্ত বিষয়ে তিনি বলেন, ০২ টি জীপের অর্থ ছাড় সম্পন্ন হয়েছে। আগামী ২-৩ দিনের মধ্যে প্রগতি হতে জীপ দুটির ডেলিভারি সম্পন্ন হবে। এছাড়া, ০১ (এক) টি ডাবল কেবিন পিকআপ ক্রয় প্রক্রিয়াধীন আছে। অতি শীঘ্রই গাড়ি ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন হবে। অডিট ও বাজেট উপ-শাখা প্রধান জনাব আবুল কাশেম, (উর্দ্ধতন হিসাবরক্ষণ কর্মকর্তা) বলেন, ১০ (দশ) টি অডিট আপত্তির মধ্যে ০১ (এক) টি সংকলন ভূক্ত, ০৩ (তিন) টি অগ্রিম, ০৬ (ছয়) টি সাধারণ আপত্তি। ০৩ (তিন) টি অগ্রিম অডিট আপত্তির বিষয়ে দ্বিপক্ষীয় সভা করার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে যা প্রক্রিয়াধীন আছে। বাকী ০৬ (ছয়) টি সাধারণ অডিট আপত্তির জন্য অডিট অধিদপ্তরে দ্বিপক্ষীয় সভার কার্যপত্র প্রেরণ করা হয়েছে। | (ক) অপেক্ষমাণ তালিকা থেকে কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেতে হবে।<br>(খ) গাড়ী ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>(গ) অডিট আপত্তি গুলো অতি দ্রুত নিষ্পত্তি করেতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | | |
| ৫ | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, Enhancing Digital Government & Economy (EDGE) প্রকল্পের আওতায় বিভিন্ন Digital Skill বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে বেশ কয়েকজন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রক্রিয়া ধাপে ধাপে সম্পন্ন হবে। ১৮ জুন, ২০২৫ খ্রি. তারিখে "Advancing the Blue Economy through Innovative Geoscience" শীর্ষক ৪র্থ কর্মশালার আয়োজন করা হয়েছে। মাইগভ প্ল্যাটফর্ম এর মাধ্যমে জিএসবির ০২ (দুই) টি নাগরিক সেবা (জিএসবির ভূ-বৈজ্ঞানিক প্রতিবেদন সরবরাহ সেবা ও ভূ-বৈজ্ঞানিক মানচিত্র সরবরাহ সেবা) বিষয়ক ০২ (দুই) দিন ব্যাপী প্রশিক্ষণ প্রক্রিয়াধীন রয়েছে। | কর্মকর্তা/কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | | |
| ৬.১ | মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক (GICU প্রকল্প) বলেন, রংপুরে ড্রিলিং কার্যক্রম আগস্টের শেষ সপ্তাহে শুরু হবে। এছাড়া এলজিডি ও রাজউক এর সাথে MOU রিনিউ করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৬.২ | জনাব মো: মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, একনেকে "Enhancement and Strengthening of Drilling Capability of Geological Survey of Bangladesh" শীর্ষক খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়েছে। মহাপরিচালক উল্লেখ করেন যে, শীঘ্রই প্রকল্পটির প্রশাসনিক আদেশ জারি হবে। তিনি প্রশাসনিক আদেশ জারি হওয়ার স্বল্পতম সময়ের মধ্যে প্রকল্প কাজ শুরুর সব প্রস্তুতি সম্পন্ন করার তাগিদ প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প কাজ শুরুর প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। |
| ৬.৩ | জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সবুজ পাতায় অন্তর্ভুক্ত ০৮ (আট) টি প্রকল্পের মধ্যে ০৪ (চার) টি প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির প্রয়োজন হবে। কুড়িগ্রামে বালু গবেষণা কেন্দ্র স্থাপন ও প্রক্রিয়াকরণ সম্পর্কিত প্রকল্পটির নকশা প্রণয়নের নিমিত্ত স্থাপত্য অধিদপ্তরের চাহিত তথ্যাদি প্রেরণ করা হয়েছে। ভূমিকম্প সম্পর্কিত প্রস্তাবিত প্রকল্প ও জিএসবির সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রস্তাবিত প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির জন্য সরকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ভূপদার্থিক শাখার প্রস্তাবিত প্রকল্পটির চূড়ান্ত কোটেশন আগামী সপ্তাহে জানানো হবে মর্মে জানানো হয়েছে। ফিজিবিলিটি স্টাডির প্রয়োজন হবে না এমন ০৩ (তিন) টি প্রকল্পের ডিপিপি/টিপিপি ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে জমা প্রদানকৃত বাকি ০১ (এক) টি প্রকল্প জিএসবির প্রকল্প যাচাই-বাছাই কমিটিতে আলোচনা করা হয়েছে যা চলতি মাসের শেষের দিকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে অতিদ্রুত সময়ের মধ্যে জমা দিতে হবে। ফিজিবিলিটি স্টাডির জন্য TOR প্রস্তুত করে সংশ্লিষ্ট অফিসে যোগাযোগ করে ফিজিবিলিটি সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |
| | **বিবিধ আলোচনা** | | |
| ৭ | (ক) পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, জিএসবির বগুড়া, খুলনা ও চট্টগ্রাম ক্যাম্প অফিসকে আঞ্চলিক অফিসে রূপান্তরের প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। পূর্ব হতেই এ বিষয়ে জিএসবির কাজ চলমান ছিল। প্রকল্প প্রস্তাবনা প্রস্তুতির কাজ ত্বরান্বিত করা হবে।<br><br>(খ) পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, সিলেটের গোয়াইনঘাটে ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের একটি পূর্ত কাজ চলমান রয়েছে। মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক এ সংক্রান্ত কমিটি কাজ করছে। কমিটির সভাপতি জনাব মো: মিজানূর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, পূর্তের অসমাপ্ত কাজ সম্পন্ন করার জন্য মৌখিকভাবে বলা হয়েছে। গত ০৪ জুন, ২০২৫ খ্রি. তারিখে সিলেট পূর্ত অফিস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সিলেট পূর্ত অফিস থেকে জানানো হয়েছে, অসমাপ্ত পূর্ত কাজ খুব তাড়াতাড়ি সমাপ্ত করে বুঝিয়ে দেওয়া হবে।<br><br>(গ) মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা বলেন, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখায় জনবলের স্বল্পতার কারণে ০২ টি প্রতিবেদন পেন্ডিং অবস্থায় রয়েছে। ল্যাবের কম্পিউটারটি দীর্ঘ দিন ধরে অচল রয়েছে। ফলে ডাটা গুলো একত্রিত করে কাজ করা যাচ্ছে না। পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, জনবলের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। কম্পিউটার সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনা করে কম্পিউটার সম্পর্কিত সমস্যার সমাধান করা হবে।<br><br>(ঘ) মহাপরিচালক মহোদয় ক্যাম্প অফিসগুলোকে সচল রাখার নিমিত্ত ১ জন করে সহকারী পরিচালককে অন্তত: ০৬ (ছয়) মাসের জন্য সেখানে পদায়ন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) জিএসবির বগুড়া, খুলনা ও চট্টগ্রাম ক্যাম্প অফিসকে আঞ্চলিক অফিসে রূপান্তরের প্রকল্প প্রস্তাবনা প্রস্তুতির কাজ ত্বরান্বিত করতে হবে।<br><br>(খ) সিলেটের গোয়াইনঘাটে ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের অসমাপ্ত পূর্ত কাজটি সম্পন্ন করে বুঝে নিতে হবে।<br><br>(গ) ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখায় জনবল ও কম্পিউটার সমস্যার সমাধান করতে হবে।<br><br>(ঘ) ক্যাম্প অফিসগুলোকে সচল রাখার নিমিত্ত একজন করে সহকারী পরিচালককে নূনতম ০৬ (ছয়) মাসের জন্য পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প সংশ্লিষ্ট কমিটি<br><br>সংশ্লিষ্ট কমিটি<br><br>অপারেশন ও সমন্বয় শাখা ও সংশ্লিষ্ট কমিটি<br><br>অপারেশন ও সমন্বয় শাখা |

৮. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে  জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) পরিশিষ্ট-ক

২৯-০৬-২০২৫
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। জিএসবির শাখা প্রধানগণ।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৫। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

২৯-০৬-২০২৫
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)